# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে রাজশাহী'র সিটিজেন চার্টার কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ২৩/০১/২০২২ তারিখ রবিবার বিকাল ০৩.৩০ ঘটিকায় অত্র শিক্ষা বোর্ডের প্রধান মূল্যায়ন অফিসার জনাব এস.এম. গোলাম আজম এর অফিস কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত প্রধান মূল্যায়ন অফিসার জনাব এস.এম. গোলাম আজম, সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ</u>**

| ক্র:নং | নাম ও পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মো: দুরুল হোদা, উপ- সচিব (ভান্ডার), শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | |
| ২. | মো: হোসেন আলী, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | |
| ৩. | মো: মাসুদ রানা, ডাটা এন্ট্রি কম্পি: অপা:, শিক্ষা বোর্ড রাজশাহী | বিকল্প ফোকাল পয়েন্ট | |
| ৪. | জনাব মো: ফরমান আলী, সহকারী প্রোগ্রামার, শিক্ষা বোর্ড রাজশাহী | ফোকাল পয়েন্ট | |

আলোচ্য বিষয়-১ : প্রস্তুতকৃত সিটিজেন চার্টার নিয়ে আলোচনা।

সিদ্ধান্ত-১ : গত ০৫/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সিটিজেন চার্টার চূড়ান্ত করা হয়েছে এবং উক্ত সিটিজেন চার্টার প্রতিটি শাখায় প্রেরন করা হয়। কোন শাখা থেকে উক্ত বিষয়ে কোনরূপ আপত্তি বা সংশোধন উথাপিত হয় নাই। বিধায় প্রস্তুতকৃত সিটিজেন চার্টার চূড়ান্ত বলে কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে। প্রস্তুতকৃত চূড়ান্ত সিটিজেন চার্টার সংস্থাপন শাখার মাধ্যমে অনুমোদন ও বাস্তবায়নের জন্য সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয়-২ : তৈরীকৃত সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাঙ্গানো বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-২ : সেবা গ্রহীতাদের সেবা গ্রহণের সুবিধার্থে প্রস্তুতকৃত সিটিজেন চার্টারটি প্রশাসনিক ভবনের নীচ তলা এবং পুরাতন ভবনের সামনে টাঙ্গানোর জন্য সুপারিশ করা হলো এবং উক্ত সিটিজেন চার্টারটি মূদ্রন ও অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ প্রস্তাবিত ৮০০০/- টাকা কমিটির সদস্য জনাব মো: হোসেন আলী সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এর অনুকুলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩ : সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সম্পর্কে আলোচনা।

সিদ্ধান্ত-৩ : কার্যক্রমের প্রাতিষ্ঠানিক ক্ষেত্র [১.১] কার্যক্রম সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গত ০৫/০১/২০২২ কমিটির সিদ্ধান্তটি বাস্তবায়িত হয়। চূড়ান্ত সিটিজেন চার্টার তালিকাটি website এ upload করা হয়েছে যার লিংক rajshahieducationboard.gov.bd/ citizen's charter থেকে পাওয়া যাবে এবং সিটিজেন চার্টার এর হার্ডকপি এ প্রতিষ্ঠানের সকল দপ্তর প্রধানকে সরবরাহ করা হয়েছে।

আলোচ্য বিষয়-৪ : সিটিজেন চার্টার তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরন বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৪ : সিটিজেন চার্টার তালিকাটি কার্যক্রমের ক্ষেত্র প্রাতিষ্ঠানিক [১.২] তালিকাটি হালনাগাদ করা হয়েছে এবং ওয়েব সাইটে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| আলোচ্য বিষয়-৫ | : | কার্যক্রমের ক্ষেত্র সক্ষমতা অর্জন [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা। |
| সিদ্ধান্ত-৫ | : | আগামী ২৬/০২/২০২২ শনিবার ২৫ জন কে নিয়ে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রশিক্ষণ পরিচালনার জন্য অভ্যন্তরীন প্রশিক্ষক জনাব মো: গোলাম আজম, প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:) রাজশাহী শিক্ষা বোর্ড এবং উক্ত তারিখে প্রশিক্ষণ গ্রহনের জন্য প্রশিক্ষনার্থীদের অবহিত করে পত্র দেওয়ার জন্য সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো। |

**উক্ত প্রশিক্ষণ কার্য পরিচলনার খাতওয়ারী সম্ভাব্য হিসাব নিম্নরুপ:**

| ক্র:নং | বিষয় | সংখ্যা | মোট টাকা |
|---|---|---|---|
| ০১ | অভ্যন্তরীন প্রশিক্ষক | ০১ | ১৫০০.০০ |
| ০২ | প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা | ২৫ | ২০০০০.০০ |
| ০৩ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী স্টুয়ার্ট শাখা (নিরাপত্তা অফিসার) | ০২ | ১৬০০.০০ |
| ০৪ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী কর্মকর্তা | ০২ | ৮০০.০০ |
| ০৫ | প্রধান অতিথি | ০১ | ৩০০০.০০ |
| ০৬ | বিশেষ অতিথি | ০১ | ২০০০.০০ |
| ০৭ | অন্যান্য খরচ (খাতা, কলম, ও প্যাড) | ২৫×৫০ | ১২৫০.০০ |
| ০৮ | সকালের নাস্তা | ৪৫×৫০ | ২২৫০.০০ |
| ০৯ | দুপুরের খাবার | ৪৫×২৮৫ | ১১৪০০.০০ |
| ১০ | বিকালের নাস্তা | ৪৫×৭৫ | ৩৩৭৫.০০ |
| ১১ | ব্যানার তৈরী বাবদ | --- | ৯০০.০০ |
| ১২ | সিটিজেন চার্টার তালিকা ফটোকপি বাবদ | --- | ১০০০.০০ |
| ১৩ | প্রোজেক্টর ভাড়া বাবদ | --- | ২৫০০.০০ |
| | | এক দিনের মোট খরচ = | **৫১৫৭৫.০০** |

| | | |
|---|---|---|
| আলোচ্য বিষয়-৬ | : | কার্যক্রমের ক্ষেত্র সক্ষমতা অর্জন [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অববহিতকরণ সভা আয়োজন। |
| সিদ্ধান্ত-৬ | : | আগামী ০৩/০৩/২০২২ সেবা প্রদান বিষয়ে ২৫ জন স্টেক হোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ২৫ জন স্টেকহোল্ডারকে পত্র জারির বিষয়ে সংস্থাপন শাখাকে অফিস আদেশ দেয়ার অনুরোধ করা হয়। |

এর জন্য সম্ভাব্য খরচ নিম্নরুপ:

| ক্র:নং | বিষয় | সংখ্যা | মোট টাকা |
|---|---|---|---|
| ০১ | ফোল্ডার | ৩০×৫০ | ১৫০০.০০ |
| ০২ | কলম ও প্যাড | --- | ২৫০০.০০ |
| ০৩ | প্রোজেক্টর ভাড়া | --- | ২৫০০.০০ |
| ০৪ | আপ্যায়ন | --- | ৩৬০০.০০ |
| | | মোট খরচ = | ১০১০০.০০ |

আলোচ্য বিষয়-৭ : প্রশিক্ষণের ব্যয় নির্ধারনের জন্য অগ্রীম গ্রহণ প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-৭ : ২৬/০২/২০২২ তারিখের প্রশিক্ষণসহ ০৩/০৩/২০২২ তারিখের অংশীজন সভা ও অন্যান্য ব্যয় বাবদ (৫১,৫৭৫+১০,১০০)=৬১,৬৭৫/- (একষট্টি হাজার ছয়শত পঁচাত্তর) টাকা অগ্রীম কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মো: মাসুদ রানা, ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর এর অনুকুলে প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। তিনি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক বর্ণিত ''ছক'' মোতাবেক অর্থ ব্যয় করে ভাউচারের মাধ্যমে অগ্রীম টাকা সমন্বয় করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উক্ত কমিটির আহবায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।

26/03/2022

এস.এম. গোলাম আজম
আহবায়ক
সিটিজেন চার্টার কার্যক্রম বাস্তবায়ন কমিটি
ও
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:</u>**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. আহবায়ক, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (A.P.A) ও পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৩. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চ:দা:),মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫। উপ-সচিব (প্রশাসন),মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৬. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. নিরাপত্তা অফিসার, শিক্ষা বোর্ড রাজশাহী (উক্ত সময়ে সভাকক্ষ প্রস্তুত রাখার অনুরোধ করা হ'ল)
৮. অফিস নথি

26/03/2022

এস.এম. গোলাম আজম
আহবায়ক
সিটিজেন চার্টার কার্যক্রম বাস্তবায়ন কমিটি
ও
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী